# ৪৫তম বিসিএস (লিখিত) পরীক্ষা

আন্তর্জাতিক বিষয়াবলি
পরীক্ষার তারিখ : ২৮.০১.২০২৪
বিষয় কোড : ০০৭, লিভিংস্টোন
নির্ধারিত সময় : ৩ ঘণ্টা, পূর্ণমান : ১০০
[দ্রষ্টব্য : প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে]

১. নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দিন : নম্বর

(ক) জেনেভা কনভেনশন কী? এটা কেন গুরুত্বপূর্ণ? ৪ × ১০ = ৪০

(খ) আন্তর্জাতিক রাজনীতিতে 'পঞ্চ চক্ষু' (Five Eyes)-এর ভূমিকা কী?

(গ) নমনীয় (Concessional) এবং অনমনীয় (non-concessional) ঋণের পার্থক্য উদাহরণসহ ব্যাখ্যা করুন।

(ঘ) 'আরব বসন্তের' মূল কারণসমূহ ব্যাখ্যা করুন।

(ঙ) জি-২০ (G-20) এবং ব্রিকস (BRICS) জোটের মধ্যে পার্থক্য কী?

(চ) ইন্দো-প্যাসিফিক অঞ্চলে শান্তি ও নিরাপত্তার চ্যালেঞ্জ এবং সম্ভাবনা বিশ্লেষণ করুন।

(ছ) আন্তর্জাতিক নিরাপত্তার উপর জলবায়ু পরিবর্তনের প্রভাব আলোচনা করুন।

(জ) বর্তমান বিশ্ব ব্যবস্থায় উন্নয়নশীল দেশসমূহের জন্য সার্বভৌমত্বের প্রধান চ্যালেঞ্জসমূহ কী কী?

(ঝ) সাইবার যুদ্ধ (Cyber Warfare) এবং কৃত্রিম বুদ্ধিমত্তা (Artificial Intelligence) কীভাবে আন্তর্জাতিক সম্পর্কে প্রভাব বিস্তার করতে পারে—ব্যাখ্যা করুন।

(ঞ) পারমাণবিক জ্বালানির শান্তিপূর্ণ ব্যবহারের জন্য দায়িত্বপ্রাপ্ত আন্তর্জাতিক সংস্থার কার্যাবলি আলোচনা করুন।

২. নিম্নলিখিত প্রশ্নটির উত্তর দিন : ১৫ × ৩ = ৪৫

(ক) বিশ্বশান্তি রক্ষায় জাতিসংঘের ভূমিকা বিশ্লেষণ করুন। শান্তি রক্ষার ক্ষেত্রে জাতিসংঘের প্রধান চ্যালেঞ্জসমূহ বর্ণনা করুন।

(খ) 'শুধুমাত্র যুক্তরাষ্ট্র, প্যালেস্টাইন এবং ইসরাইলকে বৃহত্তর বিপর্যয় থেকে রক্ষা করতে পারে'—আপনি কি এ বক্তব্যের সাথে একমত? প্যালেস্টাইন-ইসরাইল সংঘাতের টেকসই সমাধান কী কী পদক্ষেপ নেয়া প্রয়োজন বলে আপনি মনে করেন?

(গ) বিশ্বের বিভিন্ন আঞ্চলিক সংঘর্ষ (Regional conflict)-এর কারণে বাস্তুচ্যুত জনগোষ্ঠী (Displaced population) ও উদ্বাস্তু সমস্যা (Refugee crisis) নিয়ে আলোচনা করুন। আন্তর্জাতিক ব্যবস্থা এবং বিশ্ব নিরাপত্তায় এর প্রভাব বর্ণনা করুন।

৩. নিম্নলিখিত প্রশ্নটির উত্তর দিন : ১৫ × ১ = ১৫

গত এক দশকের অর্থনৈতিক উন্নয়ন বাংলাদেশকে সকল উন্নয়নশীল দেশের রোল মডেলে পরিণত করেছে। টেকসই উন্নয়ন নিশ্চিত করে ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত দেশের কাতারে নিয়ে যাওয়া এখন প্রধান লক্ষ্য। এ লক্ষ্যে কীভাবে বাংলাদেশ বৈশ্বিক সুযোগসমূহ কাজে লাগাতে পারে।—ব্যাখ্যা করুন।